

দীর্ঘদিন বন্ধ থাকার পর জুন থেকে ১১০০ পুরনো হাই স্কুলের সংস্কারকাজ আবার শুরু হচ্ছে

সুনীল ব্যানার্জী ॥ দীর্ঘদিন বন্ধ থাকার পর অবশেষে আগামী মাস থেকে দেশের ১১০০ পুরনো হাই স্কুলের সংস্কারকাজ আবার শুরু হচ্ছে। অর্থাৎ এসব হাই স্কুলের সংস্কারকাজ চরুর পর মাঝপথে বন্ধ রাখা হয়েছে। ১৯৯৬ সালে সাবেক সরকারের আমলে দেশের প্রায় ১৮০০ পুরনো ও জরাজীর্ণ হাই স্কুল সংস্কার ও সম্প্রসারণের জন্য বাছাই করা হয়। এরমধ্যে ৪০ বছরের পর্যন্ত পুরনো ও জরাজীর্ণ ঐতিহ্যবাহী প্রায় ১১০০ হাই স্কুল সংস্কারের জন্য অগ্রাধিকার দেয়া হয়েছে। এসব হাই স্কুল সংস্কার ও সম্প্রসারণের জন্য প্রায় ৮১ কোটি টাকা বাজেট নির্ধারণ করা হয়। কিন্তু তিন কোটিটারে প্রায় ৪০ কোটি টাকা ব্যয়ের পর মাঝপথে সংস্কার ও সম্প্রসারণের কাজ বন্ধ হয়ে যায়। গত ফেব্রুয়ারি থেকে এই অবস্থা চলে আসছে। এরফলে সংশ্লিষ্ট হাই স্কুলের অসমর্থ ও অর্ধ সমর্থ কাজের জন্য সংশ্লিষ্ট মহলে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। বিশেষ করে আসন্ন বর্ষা মৌসুমে সংশ্লিষ্ট স্কুলের ছাত্রছাত্রীদের ক্লাশ করা নিয়ে বিধা-বন্দের সৃষ্টি হয়। এজন্য সংস্কারাধীন স্কুলের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট ঠিকাদারসহ অনেকেই মাঝপথে বন্ধ হওয়া এই কাজ পুনরায় চালু করার জন্য বিভিন্নস্থানে দেন দরবার করে আসছেন। অবশেষে তাঁদের দেন দরবারে কাজ হয়েছে। সরকার শিক্ষা প্রকৌশলী অধিদফতরকে বকেয়া কাজ শেষ করার জন্য আরও ৪১ কোটি টাকা দিতে সম্মত হয়েছে। অর্থমন্ত্রণালয় থেকে এই টাকা ছাড়ের অপেক্ষায় রয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট হাই স্কুলের নির্মাণকাজ আগামী মাস থেকে পুনরায় শুরু হওয়ার কথা। শিক্ষা প্রকৌশল অধিদফতরের এক কর্মকর্তা জানান, অতি পুরনো প্রতিটি হাই স্কুলের সংস্কার ও সম্প্রসারণের জন্য ২১ লাখ টাকা থেকে ৩৯ লাখ টাকা পর্যন্ত বরাদ্দ করা হয়েছে। তিনি অবশ্য স্বীকার করেন, কোন কোন হাই স্কুল একাধিকবার উন্নয়ন খাতে নেয়া হলেও বহু শতাব্দীপ্রাচীন ঐতিহ্যবাহী হাই স্কুলের উন্নয়নের জন্য ছিটেফোঁটা অর্থও বরাদ্দ হয়নি। আবার উন্নয়নের জন্য বরাদ্দ হলেও মাঝপথে কাজ বন্ধ হয়েছে। নয়া বরাদ্দের পর উন্নয়নের জন্য নেয়া হাই স্কুলগুলোর কাজ সম্পন্ন হবে।